রাজশাহী বিশ্ববিদ্যালয়

২০১২-২০১৩ শিক্ষাবর্ষে ১মবর্ষস্নাতক সম্মান / স্নাতক শ্রেণীতে ভর্তি বিজ্ঞপ্তি

মেমো নং-এ- ৯১৯-৪/২-১ (২০১২-২০১৩) তারিখ ঃ ১৪/০৮/২০১২

১। (ক) ২০১২-২০১৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক সম্মান/ স্নাতক শ্রেণীতে ভর্তি আবেদন আহবান করা যাচ্ছে। ভর্তি ব্যবস্থাপনার সুবিধার্থে ভর্তি বিষয়গুলোকে ১৬টি ইউনিটে ভাগ করা হয়েছে। আবেদনকারীকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http://admission.ru.ac.bd অথবা www.ru.ac.bd তে প্রকাশিত নিয়মাবলী অনুসরণ করে মোবাইল অপারেটর টেলিটক-এ SMS করে সংশ্লিষ্ট ইউনিটে আবেদন করতে হবে। ০১-০৯-২০১২ (রাত ১২.০১ মি.) থেকে ১৭-০৯-২০১২ (রাত ১২.০০ টা) পর্যন্ত আবেদন করা যাবে।

(খ) আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। ০৪-১০-২০১২ হতে ০৯-১০-২০১২ তারিখ পর্যন্ত পৃথক পৃথকভাবে বিভিন্ন ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষা সংক্রান্ত সকল প্রয়োজনীয় তথ্য ওয়েবসাইটে পাওয়া যাবে।

২। ভর্তি আবেদনের যোগ্যতা ঃ

(ক) ২০০৭, ২০০৮, ২০০৯ ও ২০১০ সালের এস.এস.সি /সমমান এবং ২০১১ ও ২০১২ সালের এইচ.এস.সি / সমমান, আলিম, ডিপ্লোমা-ইন-কমার্স বিএফএ(প্রক), ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (কম্পিউটার টেকনোলজি), ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার, বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ডের অধীনে এস.এস.সি (ভকেশনাল) ও এইচ.এস.সি (ভকেশনাল), O লেভেল ও A লেভেল এবং অন্যান্য সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরাই কেবল ভর্তিপরীক্ষার জন্য আবেদন করতে পারবে। সনাতন পদ্ধতিতে ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে উত্তীর্ণ শিক্ষার্থী আবেদন করতে পারবে না।

(খ)

মানবিক শাখা থেকে উত্তীর্ণ আবেদনকারীদের এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) নূনতম জিপিএ ৩.০০ সহ মোট জিপিএ ৭.০০ পেতে হবে।
বিজ্ঞান শাখা থেকে উত্তীর্ণ আবেদনকারীদের এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থবিষয়সহ) মোট জিপিএ ৮.৫০ পেতে হবে।
বাণিজ্য শাখা থেকে উত্তীর্ণ আবেদনকারীদের এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থবিষয়সহ) মোট জিপিএ ৮.০০ পেতে হবে।
জিসিই O লেভেল পরীক্ষায় ৫টি বিষয়ে এবং A লেভেল পরীক্ষায় অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে এবং উভয় লেভেলে মোট ৭টি বিষয়ের মধ্যে ৪টি বিষয়ে কমপক্ষে B গ্রেড এবং ৩টি বিষয়ে কমপক্ষে C গ্রেড প্রাপ্ত হতে হবে। O লেভেল এবং A লেভেল পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের প্রশ্ন ইংরেজীতে হবে।

বিঃ দ্রঃ আবেদনকারী যে ইউনিটে আবেদন করুক না কেন সে যে শাখা থেকে এইচ.এস.সি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে সেই শাখার জন্য নির্ধারিত যোগ্যতা তার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

এছাড়া বিভাগ/ইউনিট কর্তৃক আরোপিত শর্ত প্রযোজ্য হবে। শুধুমাত্র A1 ও A2 ইউনিটে রচনামূলক পরীক্ষা হবে, অন্য সকল ইউনিটের পরীক্ষা MCQ পদ্ধতিতে হবে ।

৩। SMS এর মাধ্যমে আবেদনের পদ্ধতি :

ক) একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে RU লিখে স্পেস দিয়ে HSC শিক্ষা বোর্ডের ইংরেজী নামের প্রথম তিনটি অক্ষর লিখে স্পেস দিয়ে HSC পরীক্ষার রোল নম্বর লিখে স্পেস দিয়ে HSC পাশের সন লিখে স্পেস দিয়ে SSC শিক্ষা বোর্ডের ইংরেজী নামের প্রথম তিনটি অক্ষর লিখে স্পেস দিয়ে SSC পরীক্ষার রোল নম্বর লিখে স্পেস দিয়ে SSC পাশের সন লিখে স্পেস দিয়ে কাঙ্খিত ইউনিটের কোডটি (ছক-১ দ্রঃ) লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে।

উদাহরণঃ **RU RAJ 123456 2012 RAJ 567890 2010 A1**

উদাহরণটি রাজশাহী বোর্ডথেকে উত্তীর্ণ শিক্ষার্থীর ক্ষেত্রে এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের A1 ইউনিটের জন্য প্রযোজ্য।
এখানে 123456 এর স্থলে আবেদনকারীর নিজের HSC এবং 567890 এর স্থলে নিজের SSC পরীক্ষার রোল নম্বর দিতে হবে।
কেউ 2011 সালে HSC পাশ করে থাকলে 2012 এর জায়গায় 2011 লিখতে হবে।

বোর্ডসমূহের ইংরেজী নামের প্রথম তিনটি অক্ষর নিম্নরূপ:
বরিশাল BAR, চট্টগ্রাম CHI, কুমিল্লা COM, ঢাকা DHA, দিনাজপুর DIN, যশোর JES, রাজশাহী RAJ, সিলেট SYL , মাদ্রাসা MAD।

অঃ পৃঃদ্রঃ

খ) উপরের SMS টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি SMS এ আবেদনকারীর নাম, ফি ও একটি PIN জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন 16222 নম্বরে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে RU লিখে স্পেস দিয়ে YES লিখে স্পেস দিয়ে টেলিটক প্রদত্ত PIN লিখে স্পেস দিয়ে আবেদনকারীর যোগাযোগের জন্য নিজের ব্যবহৃত (যে কোনো অপারেটরের) একটি মোবাইল নম্বর লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে।

উদাহরণঃ **RU YES 87654321 01XXXXXXXXX**

এখানে **87654321** এর স্থলে আবেদনকারীর নিজ PIN টি বসাতে হবে। উল্লেখ্য যে, সম্মতি জানিয়ে SMS পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে ভর্তি পরীক্ষার ফি ও সার্ভিস চার্জ কেটে নেয়া হবে। SMS পাঠানোর সময় আবেদনকারীর মোবাইলে পর্যাপ্ত পরিমাণ টাকা থাকতে হবে। আবেদনকারীকে তাৎক্ষণিকভাবে SMS এর মাধ্যমে ভর্তি পরীক্ষার রোল নম্বর জানিয়ে দেয়া হবে।

গ) কারিগরি শিক্ষা বোর্ডের ক্ষেত্রে বোর্ডের নামের স্থলে ডিপ্লোমা-ইন-কমার্স এর জন্য DIC, বিজনেস ম্যানেজমেন্ট এর জন্য HBM এবং অন্যান্যদের জন্য VOC লিখে উপরের নিয়ম অনুযায়ী 16222 নম্বরে SMS করতে হবে।

ঘ) O এবং A লেভেলের এবং অন্যান্য সমমান যাদের ডাটাবেজ টেলিটকের কাছে নেই তাদের ক্ষেত্রে আবেদনের জন্য RU লিখে স্পেস দিয়ে OTH লিখে স্পেস দিয়ে A লেভেলের Candidate নম্বর/HSC সমমান এর রোল নং লিখে স্পেস দিয়ে A লেভেল/HSC সমমান পাসের সাল লিখে স্পেস দিয়ে কাঙ্খিত ইউনিট কোড লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে।

উদাহরণঃ **RU OTH 345678 2012 A1**

এখানে 345678 এর স্থলে আবেদনকারীর নিজ Candidate নম্বরটি/HSC সমমান এর রোল নং বসাতে হবে।
উপরের SMS টি পাঠানোর পর ফিরতি SMS এ ভর্তির ফি ও একটি PIN জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন উপরের নিয়ম অনুযায়ী 16222 নম্বরে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে।

উদাহরণঃ **RU YES 87654321 01XXXXXXXXX**

এখানে 876543 এর স্থলে আবেদনকারীর নিজ PIN টি বসাতে হবে।

OTH অপশনে আবেদনকারীদের http://admission.ru.ac.bd অথবা www.ru.ac.bd তে গিয়ে OTH অপশনের জন্য একটি ফর্ম (Online এ প্রদত্ত) পূরণ করে Submit করতে হবে যেখানে প্রার্থীর A এবং O লেভেল/HSC সমমান এবং SSC সমমানের GPA সহ অন্যান্য তথ্যাদি প্রদান করতে হবে।

ঙ) কোটায় আবেদনকারীদের উপরের নিয়মের সাথে ইউনিট কোডের পরে স্পেস দিয়ে কোটার কোড লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে।

কোটার কোডসমূহ নিম্নরূপঃ
মুক্তিযোদ্ধা সন্তান কোটা FFQ, ওয়ার্ড কোটা WQ, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটা SEQ, শারীরিক প্রতিবন্ধী কোটা PDQ

উদাহরণঃ **RU RAJ 123456 2012 RAJ 567890 2010 A1 FFQ**

উদাহরণটি রাজশাহী বোর্ড থেকে উত্তীর্ণ শিক্ষার্থীর ক্ষেত্রে এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের A1 ইউনিটে মুক্তিযোদ্ধার সন্তান কোটা (FFQ)-এর জন্য প্রযোজ্য।

ভর্তি পরীক্ষার আসন বিন্যাস ও ফলাফল ঃ পরীক্ষার তারিখ, সময়, কেন্দ্রের নাম, ভবনের নাম, হল কক্ষ নং,ফ্লোর নং ইত্যাদি যাবতীয় তথ্যসহ আসন বিন্যাস এবং ভর্তি পরীক্ষার ফলাফল জানতে হলে 9934 নম্বরে নিম্নোক্ত পদ্ধতিতে SMS করতে হবে।

For Seat Plan: RU< > S < > Unit Code < > Roll
Ex: RU S A2 10001 and send to 9934
For Result: RU < > R < > Unit Code < > Roll
Ex: RU R A4 10003 and send to 9934

Help Line: (Rajshahi University) নিম্নে উল্লেখিত মোবাইল নম্বরগুলোতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের তিন জন শিক্ষক সহায়তা দেবেন।

01555555017

01555555018

01555555019

চ) **লক্ষণীয় বিষয়ঃ**

i) একটি টেলিটক মোবাইল ফোনের মাধ্যমে এক/ একাধিক আবেদনকারী একাধিক ইউনিটে আবেদন করতে পারবে তবে আবেদনের দ্বিতীয় ধাপে সম্মতি জানানোর সময় আবেদনকারীর এমন একটি ফোন নম্বর জানাতে হবে যার মাধ্যমে আবেদনকারীর সাথে যোগাযোগ করা যায়।
ii) নির্ধারিত তারিখের মধ্যে যে কোন দিন, যে কোন সময় SMS-এর মাধ্যমে আবেদন করা যাবে।
iii) ভর্তির আবেদনের সম্মতি জানিয়ে SMS পাঠানোর পর আর তা প্রত্যাহার করা যাবে না।

ছ) **পরীক্ষা হলে যা আনতে হবে ঃ**

i) HSC পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড।
ii) HSC পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ২টি ফটোকপি যার উপরের ফাঁকা জায়গায় ভর্তি পরীক্ষার রোল নম্বর লিখা থাকতে হবে এবং প্রতিটি কপির সঙ্গে পরীক্ষার্থীর একটি সাম্প্রতিক তোলা (অনুর্দ্ধ ৩ মাস) পাসপোর্ট সাইজের ছবি রেজিস্ট্রেশন কার্ডের ফাঁকা জায়গায় আঠা দিয়ে সংযুক্ত করতে হবে (ওয়েবসাইটে নমুনা দ্রষ্টব্য), রেজিস্ট্রেশন কার্ডের ছবির উপর ছবি লাগানো যাবে না। যার এক কপি পরীক্ষার হলে জমা নেয়া হবে এবং অন্যটি পরীক্ষার্থী সংরক্ষণ করবে ।

বিঃদ্রঃ পরীক্ষার হলে মোবাইল ফোন সম্পূর্ণরূপে বন্ধ রাখতে হবে। ক্যালকুলেটর আনতে পারবে। তবে কোন মডেলের ক্যালকুলেটর হবে তা সম্পর্কে বিভাগ/ইউনিট কর্তৃক আরোপিত নির্ধারিত শর্ত ওয়েবসাইটে প্রকাশ করা হবে ।